

শিক্ষাঙ্গনে নৈরাজ্য সহ্য করা হবে না

□ বুয়েট প্রতিনিধিদলের সঙ্গে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে নৈরাজ্য সৃষ্টির মাধ্যমে যারা মেধাবী শিক্ষার্থীদের জীবন ধ্বংসের পায়তারা করছে তারা বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বে বিশ্বাসী নয়।

বাসস এবং ইউএনবি জানায়, বুয়েটের উপাচার্য এবং শিক্ষকসহ বেশ কয়েকজন প্রকৌশলীর একটি প্রতিনিধিদল সোমবার

প্রধানমন্ত্রীর কার্যালয়ে দেখা করতে গেলে প্রধানমন্ত্রী তাদের বলেন, বুয়েট ছাত্রী সনি হত্যাকাণ্ডের বিচার অবশ্যই হবে।

প্রতিনিধিদলের মধ্যে ছিলেন বুয়েটের ডিসি আলী মুর্তুজা, আইইবি-এর প্রেসিডেন্ট কিউআই সিদ্দিকী, বুয়েটের সাবেক ডিসি ড. ইকবাল মাহমুদসহ অন্যরা। এ সময় পানি সম্পদমন্ত্রী এলকে সিদ্দিকী, সেনাবাহিনীর সাবেক প্রধান মাহবুবুর রহমান এমপিও উপস্থিত ছিলেন।

প্রতিনিধিদলের সঙ্গে আলাপকালে প্রধানমন্ত্রী বলেন, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান তাদের নিজস্ব নিয়ম অনুসারেই চলবে। সরকার এখানে কোন হস্তক্ষেপ প্রধানমন্ত্রী : পৃঃ ২ কঃ ১



প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সোমবার তার কার্যালয়ে শিক্ষাবিদ ও প্রকৌশলীদের সঙ্গে প্রকৌশল শিক্ষা সংক্রান্ত আলোচনা সুভায় ভাষণ দেন।

প্রধানমন্ত্রী : বুয়েট

(১২-এর পৃষ্ঠার পর)

করবে না। শিক্ষার সম্প্রসারণে সরকার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে যাবে।

প্রধানমন্ত্রী বলেন, জাতীয় স্বার্থে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে সরকার কুর্থাবোধ করবে না। কিছু স্বার্থাশেষী মহল দেশের পরিস্থিতি, যোশা করার চেষ্টা করছে বলে তিনি উল্লেখ করেন।

তিনি সকল ষড়যন্ত্র নস্যাৎ করে দেয়ার জন্য প্রকৌশলীসহ সবার কাছে অনুরোধ করেন।